

৯ এপ্রিল ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বিজ্ঞান শিক্ষক হৃদয় মন্ডল কে অবিলম্বে নিঃশর্ত মুক্তি প্রদানের দাবী এবং বার বার জামিন না পাওয়ায় গভীর
উদ্বেগ জানাচ্ছে ব্লাস্ট

মুন্সিগঞ্জের বিনোদপুর রামকুমার উচ্চ বিদ্যালয়ের বিজ্ঞান শিক্ষক হৃদয় মন্ডলকে হেফতারের ঘটনায় ব্লাস্ট ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করছে। গণমাধ্যমে প্রকাশিত সংবাদ থেকে জানা যায়, ধর্মীয় অনুভূতিতে আঘাতের কথিত অভিযোগে ছাত্র ও স্থানীয়দের প্রতিবাদের প্রেক্ষিতে তাকে দণ্ডবিধির ২৯৫ক ধারা (কোন শ্রেণির ধর্ম বা ধর্মীয় অনুভূতি বা বিশ্বাসে আঘাত করার অভিপ্রায়ে ইচ্ছাকৃতভাবে ক্ষতিকারক কোন কাজ করা) এর অধীনে ২২ মার্চ ২০২২ হেফতার করা হয়। জামিনে মুক্তি পাওয়ার পর হৃদয় মন্ডলের পলাতক হওয়ার, কারো কোন ক্ষতি করার বা কোন তথ্যপ্রমাণাদি নষ্ট করার কোন সম্ভাবনা নেই। তাসত্ত্বেও বারংবার আবেদন করা সত্ত্বেও হৃদয় মন্ডলের জামিন না হওয়ায় ব্লাস্ট গভীর উদ্বেগ জানাচ্ছে।

এ বিষয়ে এড. জেড আই খান, আইনজীবী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এবং সদস্য, ট্রাস্টি বোর্ড, ব্লাস্ট বলেন, “ঘটনা সংশ্লিষ্ট অডিও রেকর্ড যথাযথভাবে পর্যালোচনা না করে এবং ঘটনার সুষ্ঠু তদন্ত না করেই অপরাধটি আমলে নেয়া কোনভাবেই উচিত হয় নি। এছাড়াও হৃদয় মন্ডলকে দণ্ডবিধির ২৯৫ক ধারার অধীনে হেফতার করা হয়েছে এবং এ ধারায় অপরাধের শাস্তি হিসেবে ২ বছরের কারাদন্ড বা অর্থদন্ড বা উভয় দন্ড আরোপের বিধান রয়েছে। সেদিক বিবেচনায় ২৯৫(ক) ধারা একটি জামিনযোগ্য অপরাধ এবং এ ধারার অধীনে হেফতারকৃত হৃদয় মন্ডলের জামিনে মুক্তি পাবার পূর্ণ অধিকার রয়েছে। হৃদয় মন্ডলের অবিলম্বে নিঃশর্ত মুক্তির দাবির সাথে সাথে যারা প্রত্যক্ষভাবে এ ঘটনার সাথে জড়িত তাদের দ্রুত আইনের আওতায় আনার দাবি জানাচ্ছি।”

ব্লাস্ট হৃদয় মন্ডলের অবিলম্বে মুক্তি প্রদান, সুচিকিৎসা নিশ্চিত, হয়রানির জন্য ক্ষতিপূরণ প্রদান ও সুষ্ঠু বিচারের জোর দাবি জানাচ্ছে। একই সাথে, বার বার জামিন না পাওয়ার দ্রুত ও সুষ্ঠু বিচারিক তদন্তের দাবী জানাচ্ছে ব্লাস্ট।

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন:

communication@blast.org.bd